# মুয়াত্তা মালিক

হাদিস নাম্বারঃ ১৮০৪

৫৪. ঘরে প্রবেশ করার অনুমতি গ্রহণ বিষয়ক অধ্যায় (كتاب الاستئذان)

পরিচ্ছেদঃ ৪. সান্ডা (দব্ব) এর গোশত খাওয়া প্রসঙ্গ

## باب مَا جَاءَ فِي أَكْلِ الضَّبِّ

আরবী

وَحَدَّثَنِي مَالِك عَنْ ابْنِ شِهَابٍ عَنْ أَبِي أُمَامَةَ بْنِ سَهْلِ بْنِ حُنَيْفٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَبَّاسٍ عَنْ خَالِدِ بْنِ الْوَلِيدِ بْنِ الْمُغِيرَةِ أَنَّهُ دَخَلَ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بَيْتَ مَيْمُونَةَ زَوْجِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأُتِيَ بِضَبٍّ مَحْنُوذٍ فَأَهْوَى إِلَيْهِ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِيَدِهِ فَقَالَ بَعْضُ النِّسْوَةِ اللَّاتِي فِي بَيْتِ مَيْمُونَةَ أَخْبِرُوا رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِمَا يُرِيدُ أَنْ يَأْكُلَ مِنْهُ فَقِيلَ هُوَ ضَبٌّ يَا رَسُولَ اللَّهِ فَرَفَعَ يَدَهُ فَقُلْتُ أَحَرَامٌ هُوَ يَا رَسُولَ اللَّهِ فَقَالَ لَا وَلَكِنَّهُ لَمْ يَكُنْ بِأَرْضِ قَوْمِي فَأَجِدُنِي أَعَافُهُ قَالَ خَالِدٌ فَاجْتَرَرْتُهُ فَأَكَلْتُهُ وَرَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَنْظُرُ

বাংলা

রেওয়ায়ত ১০. খালিদ ইবন ওলীদ ইবনে মুগীরা (রাঃ) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলায়হি ওয়া সাল্লামের সহিত নবী করীম সাল্লাল্লাহু আলায়হি ওয়া সাল্লামের সহধর্মিণী মায়মুনা (রাঃ)-এর ঘরে গমন করিলেন। সেখানে একটি ভুনা সান্ডা (দব্ব) আনয়ন করা হইল। রাসূলল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উহা খাওয়ার জন্য সেই দিকে হাত বাড়াইলেন। তখন মায়মুনা (রাঃ)-এর ঘরে আগত মহিলাদের মধ্যে কেহ বলিল, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে জানাইয়া দাও যে, তিনি যাহা খাইতে চাহিতেছেন, উহা কিসের মাংস। তখন তাহাকে বলা হইল যে, ইয়া রাসূলাল্লাহ! ইহা সান্ডার মাংস। অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হাত তুলিয়া লইলেন (এবং খাইলেন না)। আমি (খালিদ) জিজ্ঞাসা করিলাম, ইয়া রাসূলাল্লাহ! ইহা কি হারাম? তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলিলেন, না। তবে যেহেতু আমাদের দেশে ইহা হয় না, তাই আমার পছন্দ হইতেছে না। খালিদ (রাঃ) বলেন, আমি উহা নিজের দিকে টানিয়া লইয়া খাইলাম, আর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দেখিতেছিলেন।[1]

## English

Malik related to me from Ibn Shihab from Abu Umama ibn Sahl ibn Hunayf from Abdullah ibn Abbas that Khalid ibn al-Walid ibn al-Mughira entered the house of Maimuna, the wife of the Prophet, may Allah bless him and grant him peace, with the Messenger of Allah, may Allah bless him and grant him peace, and he was brought a roasted lizard. The Messenger of Allah, may Allah bless him and grant him peace, stretched his hand toward it. One of the women who was in Maimuna's house said, "Tell the Messenger of Allah, may Allah bless him and grant him peace, what he means to eat." Someone said, "It is a lizard, Messenger of Allah." He withdrew his hand. Khalid said, "Is it haram, Messenger of Allah?" He said, "No, but there were none in my people's land, and I find that I dislike them."

Khalid added, "I chewed and ate it while the Messenger of Allah, may Allah bless him and grant him peace, was looking."

### ফুটনোট

[1] খালিদ (রাঃ) উহা খাইতেছিলেন, কিন্তু রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উহাতে তাঁহাকে কোন নিষেধ করেন নাই। তাই বোঝা যাইতেছে যে, সান্ডা (দব্ব) এর গোশত হালাল। ইমাম তাহাবী (রহঃ) ইহাকে হালাল বলিয়াছেন। এমন কি প্রতিটি মাযহাবে ইহাকে হালাল বলা হইয়াছে। অবশ্য হিদায়া গ্রন্থে ইহাকে মকরূহ বলা হইয়াছে। কারণ এক হাদীসে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আয়েশা (রাঃ)-কে ইহা খাইতে নিষেধ করিয়াছেন। কিন্তু হাদীসটি দুর্বল, ইমাম নববী (রহঃ) হারাম বলিয়াছেন। (যুরকানী)

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=74701

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন